
Commemorate completion of 20th year of Usha Multipurpose Cooperative Society


# Usha Multipurpose Cooperative Society Ltd

12/5 Nilmani Mitra Street Kolkata 700 006

email : usha_cooperative@yahoo.co.in Phone +91 33 2530 6619/3148 Fax +91 33 3543 7777






সেরা সমবায়ের স্বীকৃতি পেল নগরনটিদের সমবায়

সমবায়

Usha Multipurpose Cooperative Society, an initiative of sex workers' collective (Durbar) has begun its journey on 21 June in 1995overcoming several challenges including the 'immoral' status of sex workers. On the very ground they were denied registration of their co-operative society to begin with. Starting with only 14 members, its success story has created a history in last 20 years. Usha is now proclaimed as the backbone of economic security of sex workers what in turn has established their political identity as workers. The most deprived section of the working women in our country. So called "Fallen" and immensely ostracized community grab this opportunity and slowly they could rise and make their voice heard not only across the country and also take the world by surprise. Presently there are 20,000 member of USHA and the cooperative is own and run by the sexworkers for themselves. Performance-wise this year USHA stands at the top of the list of all cooperatives in West Bengal.

**What Usha has done for sex workers?**

**Economic security and recognition**:

Before 1992, sex workers were compelled to take loans from the private money-lenders who use to charge high rate of interest since the public sector banks and financial institutions did not allow these hapless women to openaccounts in their branches for various reasons. The dubious money-lenders known as *Kistiwalas* and *Chatawalas* used to take the advantage of compromised social status of sex workers and their socio-economic vulnerabilities.Their extreme dependency on the grey financial market forced many of them to live in a lifelong debt-trap that continue to weaken their social and economic position enhancing vulnerabilities to other societal forces.Being in the sex work they were at the mercy of local goons, police and politicians alive. Usha has saved them from this precarious condition. Now they can open account anytime, save their hard-earned money, take loans with simple interest and pay back under flexible terms. This has helped thousands of sex workers in addressing their insecurities vis-à-vis improvement of quality of life for themselves including their family members.

**Social security and recognition:**

Usha has also created a unique example in community development through its multifarious activities. The residential hostel for the children of sex workers in Baruipur as well as Sports Academy run by them are two most important areas of activities among others. USHA has started, eco-friendly cultivation and other business endeavors with an objective to create new paths to community development. Not only the sex workers, Usha has taken up projects for development and empowerment of other disadvantaged and backward communities like the tribal *Shabars* in Amlasole, fisher women in South 24 Parganas and East Medinipur among others. The Election Commission has recognized the savings passbook of Usha as the identity proof for sex workers for availing voter card, Ration card etc. This has not only enabled sex workers and their families to exercise their voting and other rights but also to raise their voices against the social exclusionary practices of the mainstream society.

Usha is striving ahead at the time when market-driven consumerist and competitive culture is trying to wipe out the idea of development based on intra and inter-community cooperation, solidarity and empathy. The government's obsession with the GDP as the only measures of development with an idea that it would trickle down below has ignored the specific needs and aspirations of the economically and socially marginalised communities but also their potential to make change for themselves. The agency of the poor and specially women belonging to the lower socio economic caste and occupation background has never been recognized in our development paradigm.Under this backdrop Usha has opened up a dialogue based on an alternative pathways of development, what could have draw attention of both academicians and policymakers what has not happened till this point. Thus can not be measuredbased only on the number of members inUSHA or the number of sex workers who has benefited from this venture. Usha has created a sort of movement the lesson of which is relevant not only for these section of women who otherwise are socially excluded but for other marginalized communities also. We want to develop a platform to share values, process and strategies development experienced by the member of this community in the coming year. We have planned to develop a series of programme to commemorate completion of 20th year of Usha Multipurpose Cooperative Society through out the year 2015. We solicit your participation and help to make the programs successful.



## USHA at a glance

| | |
|---|---|
| Date of Registration | : 21 June 1995 |
| No of Members | : 20,822 |
| Authorized Share Capital | : 30 lakhs |
| Total Working Capital | : 19.25 crore |
| Reserve Fund & other Fund | : 27,19,450 |
| Audit Classification | : A grade |
| Total Assets | : 1.32,crore |
| Deposits | : 2.32 crore |
| Profits | : 10 lakhs |
| Tatal Turnover | : 22.15 crore |



1995: USHA get registered through change of West Bengal State Co-operative Act, 1983 Rule XIV after the clause 'good moral character' was dissolved in the assembly.

1999: USHA receive to expand its activities through the State of West Bengal.
The Residential address put in the passbook of USHA got accepted as proof of Identity.
The Election Commission accepted USHA passbook as an identity proof.

2001: The State Bank of India given permission to open account.
To get enrolled in Old age pension.

2007: Starts providing monthly ration to positive people.

2010: Donated land for the development of Durbar's Sports Academy

2014: Best Co-operative society as for the performance in West Bengal


Usha Multipurpose Cooperative Society Ltd

12/5 Nilmani Mitra Street Kolkata 700 006

email : usha_cooperative@yahoo.co.in Phone +91 33 2530 6619/3148 Fax +91 33 3543 7777

# উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি

১২/ ৫ নীলমণি মিত্র স্ট্রিট, কলকাতা ৭০০ ০০৬



উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি, ১৯৯৫-এর ২১ জুন মাত্র ১৩ জন সদস্য নিয়ে যার যাত্রা শুরু পরবর্তী বিশ বছরে সে এক অনন্য সফলতার কাহিনিকার, ইতিহাস-স্রষ্টা। সমাজের সব চেয়ে অবহেলিত-নিপীড়িত গোষ্ঠী, যৌনকর্মীদের সফল অর্থনৈতিক-সামাজিক- সাংস্কৃতিক সুরক্ষা আর স্বীকৃতির বাহক। সে শুধু ভারত নয়, সমগ্র দক্ষিণ-পূর্ব এশিয়ায়। উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটির সদস্য সংখ্যা আজ বিশ হাজার ছাড়িয়েছে। এই আর্থিক বছরে অর্থাৎ ২০১৩-১৪ সালে, পশ্চিমবঙ্গের সমস্ত সমবায় সংস্থাগুলির মধ্যে প্রথম।

কী করেছে উষা যৌনকর্মীদের জন্যে

**অর্থনৈতিক সুরক্ষা ও স্বীকৃতি**

১৯৯২ সালের আগে যৌনকর্মীদের পল্লিগুলিতে চড়া সুদের কারবারী কিস্‌তিওলা-চটাওলারা ছিল যৌনকর্মীদের প্রয়োজনে-অপ্রয়োজনে টাকার জোগানদার। কারণ তাঁরা কোনো সরকারি ব্যাংকে অ্যাকাউন্ট খুলতে পারতেন না বা ভবিষ্যত সুরক্ষার জন্যে টাকা জমাতে পারতেন না কোনো স্বীকৃত অর্থ প্রতিষ্ঠানে। ফলে বাধ্য হয়ে ওই মহাজনদের কাছ থেকে ধার করতে হতো। আর একবার ধার করলে যৌনকর্মীদের নিরক্ষরতা ও পরিবেশ-পরিস্থিতির সুযোগ নিয়ে, চক্রবৃদ্ধি হারে বাড়তে থাকা সেই ধারের বোঝা আমৃত্যু বইতে হতো। কখনও শোধ হতো না। আসলে যৌনকর্মীদের কোনো অতীত বা ভবিষ্যৎ ছিল না, ছিল শুধুই বর্তমান।


উষা যৌনকর্মীদের এই দুরবস্থার হাত থেকে বাঁচিয়েছে, তাদের পাশে থেকে। এখন উষায় তাঁরা টাকা রাখার জন্যে তাঁরা যে কোনো সময় অ্যাকাউন্ট খুলতে পারেন, নিজের ইচ্ছেমতো টাকা জমাতে পারেন, তুলতে পারেন, সহজে ধার নিতে পারেন, নিজের সময়সুযোগ মতো শোধ দিতে পারেন, সরকার স্বীকৃত সরলসুদে। যার ফলে আজ হাজার হাজার যৌনকর্মী তাদের জীবনে আর্থিক সচ্ছলতা গড়ে তুলতে পারছে, তৈরি করতে পারছে নিজেদের ভবিষ্যৎ।




**সামাজিক সুরক্ষা ও স্বীকৃতি**

গোষ্ঠী উন্নয়নে উষা এক অনন্য নজির গড়েছে, তার বহুমুখী কর্মপ্রণালী দিয়ে, যেমন বারুইপুরে যৌনকর্মীর সন্তানদের থাকার জন্যে হোস্টেল, খেলাধুলোর জন্যে স্পোর্টস আকাডেমি ইত্যাদি। গড়ে তুলেছে পরিবেশবান্ধব চাষ ও অন্যান্য ব্যবসার সাহায্যে যৌনকর্মী গোষ্ঠীর উন্নয়নের বিভিন্ন পথ। উষা শুধু যৌনকর্মী নয়, সমাজের অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণির উন্নয়নেও কাজ করছে যেমন আমলাশোলের শবর জনজাতির মানুষদের উন্নয়ন ও ক্ষমতায়নের জন্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ। উষার পাশবই যৌনকর্মীদের সরকারি পরিচয়পত্র ও নাগরিক স্বীকৃতি হিসেবে নির্বাচন কমিশন-স্বীকৃত। এর ফলে তাঁরা ভোটাধিকার প্রয়োগ করতে সমর্থ হচ্ছে এবং একজন যথার্থ নাগরিক হিসেবে নিজেদের প্রতিষ্ঠা শুধু নয়, তারা নিজেরা ও তাদের পরিবারের মানুষজন আজ মূল সমাজের মানুষদের অবহেলা ও বৈষম্যের বিরুদ্ধে উঠে দাঁড়াতে পারছে।

উষা এগিয়ে চলেছে এমনই এক সময়ে, যখন বাজারি সংস্কৃতি গোষ্ঠীগত সহযোগিতা সহমর্মিতার ধ্যান-ধারণাকে মুছে দিয়ে তৈরি করতে চাইছে প্রতিযোগিতা-মূলক আবহাওয়া। যে অবস্থায় সামাজিক-অর্থনৈতিক ভাবে পিছিয়ে-পড়া প্রান্তবাসী মানুষের উন্নয়নের বিষয়টি ক্রমাগতই নিম্নমুখী সরকারের কষা জিডিপি বাড়া-কমার খতিয়ানে। গরিব প্রান্তবাসী মানুষ, মানুষের মুখ, মুখের ভাষা সেখানে অবান্তর-অপ্রয়োজনীয়। অথচ প্রান্তবাসী মানুষের উন্নয়নের হাতিয়ার হতে পারে সমবায়, যৌনকর্মীদের সংগঠন দুর্বার মহিলা সমন্বয় কমিটি নির্মিত উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ নিঃসন্দেহে তারই এক উল্লেখযোগ্য উদাহরণ, গোষ্ঠী উন্নয়নের ক্ষেত্রে এক নতুন পথের দিশা।



উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি-র স্মরণীয় বিংশতিতম বর্ষ পূর্তি




উষা মাল্টিপারপাস

কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড

এক নজরে কিছু তথ্য

| | |
|---|---|
| রেজিস্ট্রেশানের তারিখ | : ২১ জুন ১৯৯৫ |
| সদস্য সংখ্যা | : ২০,৮২২ |
| শেয়ার মূলধন | : ৩০ লাখ |
| মোট কার্যকরী মূলধন | : ১৯.২৫ কোটি |
| সঞ্চিত তহবিল | : ২৭,১৯,৪৫০ |
| হিসাব নিরীক্ষণ | : এ গ্রেড |
| মোট সম্পত্তি | : ১.৩২ কোটি |
| লাভ | : ১০ লাখ |
| মোট আবর্তন (টার্নওভার) | : ২২.১৫ |

এক নজরে উষা :

- ১৯৯৫-এর ২১ জুন মাত্র ১৩ জন সদস্য নিয়ে যাত্রা শুরু বর্তমানে বিশ হাজার।
- বর্তমানে উষা-র বার্ষিক টার্নওভার বিশ কোটি টাকা।
- শুধু ভারত নয়, সমগ্র দক্ষিণ-পূর্ব এশিয়ায় যৌনকর্মীদের প্রথম সফল সমবায়।
- ২০১৩-১৪ আর্থিক বছরে পশ্চিমবঙ্গের সমস্ত সমবায় সংস্থাগুলির মধ্যে প্রথম স্থানাধিকারী।
- উষার পাশবই যৌনকর্মীদের সরকারি পরিচয়পত্র ও নাগরিক স্বীকৃতি হিসেবে নির্বাচন কমিশন- স্বীকৃত। এর ফলে তাঁরা ভোটাধিকার প্রয়োগ করতে সমর্থ হচ্ছেন।
- উষায় যৌনকর্মীরা টাকা রাখার জন্যে তাঁরা যে কোনো সময় অ্যাকাউন্ট খুলতে পারেন, টাকা জমাতে পারেন, তুলতে পারেন, সহজে ধার নিতে পারেন, নিজের সময়সুযোগ মতো শোধ দিতে পারেন, সরকার স্বীকৃত সরলসুদে।
- বারুইপুরে যৌনকর্মীর সন্তানদের থাকার জন্যে হোস্টেল, খেলাধুলোর জন্যে স্পোর্টস আকাডেমি ইত্যাদি।
- পরিবেশবান্ধব চাষ ও অন্যান্য ব্যবসার সাহায্যে যৌনকর্মী গোষ্ঠীর উন্নয়নের বিভিন্ন পথ।



Usha Multipurpose Cooperative Society Ltd
12/5 Nilmani Mitra Street Kolkata 700 006
email : usha_cooperative@yahoo.co.in Phone +91 33 2530 6619/3148 Fax +91 33 3543 7777


সেরা সমবায়ের স্বীকৃতি পেল নগরনটিদের সমবায়